



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১০১/২০১৭/১৬৬৭৬

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কামাল খামার ফাজিল মাদরাসা, ডাকঘর: চন্ডিজান, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০৮.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. কলামনার, ক্যাশ বই, হাজিরা খাতা, ছুটি রেজিস্ট্রার, সকল খরচের ভাউচার যথাযথ নিয়মানুযায়ী লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।
২. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্ণারকে আরো বই দ্বারা সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৩. আইসিটি ল্যাবের উন্নয়ন করতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি প্রশিক্ষণ দিতে হবে।
৪. লাইব্রেরীতে প্রয়োজনীয় সংখ্যক মূল ও রেফারেন্স গ্রন্থ বৃদ্ধি করতে হবে।
৫. শ্রেণিকক্ষে গাইড বইয়ের ব্যবহার নিষিদ্ধ করত: মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৬. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Damd 11.01.2024
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

কামাল খামার ফাজিল মাদরাসা

ডাকঘর: চন্ডিজান, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১০১/২০১৭/১৬৬৭৬

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম ভলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, কামাল খামার ফাজিল মাদরাসা, ডাকঘর: চন্ডিজান, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।
৮. অফিস নথি।

Mo: Jahann Uddin
(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার
মাদ্রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪